

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মীরসরাই, চট্টগ্রাম

সেপ্টেম্বর ২০১৭ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ	৪	২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ
সভার সময়	৪	বেলা ১০৪৩০টা
সভার স্থান	৪	উপজেলা কৃষি অফিসের সম্মেলন কক্ষ, মীরসরাই, চট্টগ্রাম
সভাপতি	৪	মোহাম্মদ সাইফুল কবির উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রাম

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভায় উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত উপদেষ্টা প্যানেল চেয়ারম্যান-২, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মীরসরাইসহ অন্যান্য সদস্যগণ উপস্থিত আছেন। অতঃপর গত সভার কার্য বিবরণী পাঠ করে শোনানো হয়, কোনো সংশোধনীর প্রস্তাব না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, সভাপতি এ উপজেলার আইন-শৃঙ্খলা সার্বিক পরিস্থিতি সভায় উপস্থাপনের জন্য সদস্যদের প্রতি অনুরোধ জানান।

মীরসরাই উপজেলার অপরাধচিত্র

০১।(ক) মীরসরাই উপজেলায় মীরসরাই থানার অপরাধ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

সন	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানী	অগ্নি সংযোগ	অপহরণ	এসিড নিষ্ক্ষেপ	সিঁথেল চুরি	নারী নির্ধাতন	অন্যান্য	মোট
জুলাই/১৭	০১	-	-	-	-	-	০৩	০১	১১	১৬
আগস্ট/১৭	-	-	-	-	-	-	০১	০২	০৭	১০
আগস্ট/১৬	০১	-	-	-	০১	-	০১	-	০৮	১১

(খ) মীরসরাই উপজেলায় জোরারগঞ্জ থানার অপরাধ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

সন	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানী	অগ্নি সংযোগ	অপহরণ	এসিড নিষ্ক্ষেপ	সিঁথেল চুরি	নারী নির্ধাতন	অন্যান্য	মোট
জুলাই/১৭	-	-	-	-	-	-	০১	০১	৪৫	৪৭
আগস্ট/১৭	-	-	-	-	-	-	০১	-	৪২	৪৩
আগস্ট/১৬	-	০১	-	-	-	-	-	০১	৩৮	৪০

অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়, সার্বিকভাবে মীরসরাই থানায় আগস্ট-২০১৭ মাসে জুলাই-২০১৭ মাসে এবং আগস্ট-২০১৬ মাসের তুলনায় কম সংখ্যক মামলা রেকর্ড হয়েছে এবং জোরারগঞ্জ থানার ক্ষেত্রে আগস্ট-২০১৭ মাসে জুলাই-২০১৭ মাসের তুলনায় কম এবং আগস্ট-২০১৬ মাসের তুলনায় বেশী সংখ্যক মামলা রেকর্ড হয়েছে। এমতাবস্থায়, বিস্তারিত আলোচনা শেষে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সদা তৎপর থাকার জন্য অফিসার ইনচার্জ, মীরসরাই থানা ও জোরারগঞ্জ থানাকে অনুরোধ করা হয়।

অতঃপর উন্মুক্ত আলোচনার জন্য আহ্বান করা হলে উপজেলার আইন-শৃঙ্খলার বিষয়ে নিম্নোক্ত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

চক্রবর্তী-২

সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	২৯ আগস্ট ২০১৭ তারিখে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃষ্টিভঙ্গন করা হয়।	সংশ্লিষ্ট সকল
২.	মাদক, জুয়া ও চোরচালান প্রতিরোধঃ অফিসার ইনচার্জ, মীরসরাই থানার প্রতিনিধি : সভায় জানান যে, মীরসরাই থানাধীন এলাকা সার্বিকভাবে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে চলছে। মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। আগস্ট-২০১৭ মাসে মীরসরাই থানায় রঞ্জুকৃত ১০ টি মামলার মধ্যে ০৫ টি মামলা মাদক সংক্রান্ত। তাছাড়া আগস্ট-২০১৭ মাসে ৪০০ বোতল ফেন্সিডিল, ২০০০ পিস ইয়াবা ও ২৩০ লিটার দেশীয় তৈরী চোলাই মদ উদ্ধার করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। অফিসার ইনচার্জ, জোরারগঞ্জ থানা : জোরারগঞ্জ থানা এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। মাদকের কারণে যুব সমাজ ধ্বংস হচ্ছে। পুলিশের পাশাপাশি জনপ্রতিনিধিসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যকরি পদক্ষেপ প্রয়োজন। আগস্ট-২০১৭ মাসে মোট রঞ্জুকৃত ৪৩ টি মামলার মধ্যে ৩২ টি মামলা মাদক সংক্রান্ত। তাছাড়া ৪০০ গ্রাম গাজা, ৭৪৯৬ পিস ইয়াবা, ৯৬ বোতল ফেন্সিডিল ও ১৫০ লিটার দেশীয় তৈরী চোলাই মদ উদ্ধার করা হয়েছে। তিনি আরও বলেন যে, গত পরশুদিন জোরারগঞ্জ থানা এলাকায় একজন রোহিঙ্গা ধরা পড়েছে। উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে কক্সবাজারের কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পে প্রেরণ করা হয়েছে। ০৯ নং মীরসরাই ইউপি সভায় বলেন যে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। মীরসরাই ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের মোট বাড়িয়া এলাকায় ইয়াবা ব্যবসায়ীদের অত্যাচারে জনগণ অতিষ্ঠ। বিভিন্ন বাড়িতে ইয়াবা বিক্রি হয়। জরুরী অভিযান পরিচালনা করা প্রয়োজন। চেয়ারম্যান, ১৩ নং মায়ানী ইউপি সভায় বলেন যে, তাছাড়া ইউনিয়ন পরিষদের পশ্চিম পার্শে ও আবুতোরাব বাজারের দক্ষিণ পার্শে মাদকের সমস্যা রয়েছে। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য তিনি অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে ১. মাদক, বাল্য বিবাহ, ইভটিজিং এর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা এবং মাদক, বাল্য বিবাহ, ইভটিজিং, যৌতুক, নারী ও শিশু নির্যাতন বিরোধী জনসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২. বিভিন্ন স্থানে মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে এবং মাদক বিরোধী জনসচেতনতাসহ মাদক উদ্ধার তৎপরতা বৃদ্ধি করতে হবে। সীমান্ত এলাকায় বিশেষত; রাত্রিকালে বিজিবি ও পুলিশের সমন্বিত অভিযান পরিচালনা করতে হবে। ৩. মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারা প্রেষ্টার হলে কোন ধরনের তদ্বির করা যাবে না।	উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, মীরসরাই থানা/ জোরারগঞ্জ থানা, ক্যাম্প ইনচার্জ কয়লার মুখ/অগ্নিগর বিজিবি ক্যাম্প, ইউপি চেয়ারম্যান (সকল), আইন-শৃঙ্খলা কমিটির সদস্যগণসহ, সংশ্লিষ্ট সকল, মীরসরাই, চট্টগ্রাম
৩.	বাল্য বিবাহ, যৌতুক, ইভটিজিং নিরোধ : ০১। ইউপি চেয়ারম্যানগণ সভায় বলেন, এক এলাকার লোক অন্য এলাকায় গিয়ে বিবাহ পড়ান এতে বাল্য বিবাহ বৃদ্ধি পাচ্ছে। বাল্য বিবাহের ক্ষেত্রে নোটারী পাবলিকের মাধ্যমে বিবাহ পড়ানো বন্ধ করতে পারলে বাল্য বিবাহ অনেক কমে যাবে। ০২। উপজেলা নির্বাহী অফিসার বলেন, নিকাহ রেজিস্টার ব্যতীত বিবাহ পড়ানোর কোন সুযোগ নেই। এক এলাকার নিকাহ রেজিস্টার অন্য এলাকায় বিবাহ পড়াতে পারবে না।	বিস্তারিত আলোচনান্তে ০১। বাল্য বিবাহ ইভটিজিং প্রতিরোধ কল্পে প্রতিটি ইউনিয়নে সভা সমাবেশ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ০২। এক এলাকার নিকাহ রেজিস্টার অন্য এলাকায় বিবাহ পড়াতে পারবে না।	অফিসার ইনচার্জ, মীরসরাই থানা/ জোরারগঞ্জ থানা, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ

	<p>০২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার বলেন, উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির প্রতি মাসে সভা করা হয়। সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকতে অনুরোধ করেন।</p>	<p>০৩। ইউনিয়ন বাল্য বিবাহ, নারী ও শিশু পাচার কমিটি প্রতি মাসে সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	
<p>৪.</p>	<p>সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধঃ সভায় সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। জঙ্গিবাদ প্রতিরোধে উপজেলা পর্যায়ে এবং পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে গণ্যমান্য ব্যক্তি, বীর মুক্তিযোদ্ধাগণ, শিক্ষক, সমাজকর্মীদের সমন্বয়ে পুনর্গঠন করে অধিকতর কার্যকর করতে হবে। তিনি এ বিষয়ে সতর্ক থাকার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।</p>	<p>বিস্তারিত আলোচনাতে প্রতিটি ইউনিয়ন পরিষদ ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ বিষয়ক সভা করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। জঙ্গিবাদ প্রতিরোধে উপজেলা পর্যায়ে এবং পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে গণ্যমান্য ব্যক্তি, বীর মুক্তিযোদ্ধাগণ, শিক্ষক, সমাজকর্মীদের সমন্বয়ে পুনর্গঠন করে অধিকতর কার্যকর করতে হবে।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার, পৌর মেয়র, বারইয়ারহাট/ মীরসরাই পৌরসভা, এবং ইউপি চেয়ারম্যান(সকল), মীরসরাই, চট্টগ্রাম</p>
<p>৫.</p>	<p>অপরার্থমূলক কার্যক্রম প্রতিরোধঃ <u>চেয়ারম্যান, ১৫ নং ওয়াহেদপুর ইউপি সভায় বলেন যে, কিছুদিন পূর্বে একটি খুনের ঘটনা ঘটেছে। যা অত্যন্ত দুঃখজনক। ওয়াহেদপুর ইউনিয়নের আওতাধীন নিজামপুর কলেজ রয়েছে। যে কোনো সময় ছাত্রদের মধ্যে সমস্যা হতে পারে। সেজন্য নিজামপুর পুলিশ তদন্ত কেন্দ্রকে সব সময় সজাগ থাকতে হবে।</u> <u>চেয়ারম্যান, ০৬ নং ইছাখালী ইউপি সভায় বলেন যে, শারদীয় দুর্গাপূজা উপলক্ষে সকল ইউপি সদস্য, গণ্যমান্য ব্যক্তি ও রাজনৈতিক নেতৃবৃন্দকে নিয়ে সভা করা হয়েছে। পুলিশ, আনসার ও গ্রাম পুলিশগণ দায়িত্ব পালন করছেন। তিনি আরও বলেন যে, মাদক ব্যবসায়ী ও ইয়াবা ব্যবসায়ীকে পুলিশ দাওয়া করলে তারা ইছাখালী ইউনিয়নের নিরাপদ এলাকায় চলে যায়। সেখানে অর্থনৈতিক অঞ্চল গড়ে উঠছে বিধায় বিভিন্ন ধরনের লোকজনের আনাগোনা রয়েছে। ফলে ইয়াবা ব্যবসায়ীদে চেনা মুশকিল। তাছাড়া তিনি বলেন যে, পানি উন্নয়ন বোর্ডের কিছু জায়গা বেদখল হয়ে যাচ্ছে। এ জায়গা নিয়ে ভবিষ্যতে সমস্যা দেখা দিতে পারে।</u> <u>চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), ০৭ নং কাটাছরা ইউপি সভায় বলেন যে, কাটাছরা ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। ০২ টি পূজা মন্ডপে শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে চলছে। কোথাও কোনো সমস্যা নেই। ইদানিং এলাকায় গরু চুরির প্রবনতা দেখা যাচ্ছে। আইনগত ব্যবস্থা নেয়া প্রয়োজন।</u></p>	<p>বিস্তারিত আলোচনাতে</p> <ol style="list-style-type: none"> কোনো পরিস্থিতিতে কেউ যেন আইন নিজের হাতে তুলে না নেয় সে লক্ষ্যে নিজ নিজ এলাকার জনগণকে উদ্বুদ্ধ করার জন্য পৌর মেয়র ও ইউপি চেয়ারম্যানগণ ব্যবস্থা নেবেন। শারদীয় দুর্গাপূজা যাতে নিবিঘ্নে সম্পন্ন হয় সে ব্যবস্থা নিতে হবে। 	<p>উপজেলা নির্বাহী অফিসার, পৌর মেয়র, বারইয়ারহাট/ মীরসরাই পৌরসভা, অফিসার ইনচার্জ, মীরসরাই থানা/ জোয়ারগঞ্জ থানা, ইউপি চেয়ারম্যান(সকল), মীরসরাই, চট্টগ্রাম</p>

<p>চেয়ারম্যান, ১৩ নং মায়ানী ইউপি সভায় বলেন যে, হিন্দু ধর্মালম্বীদের শারদীয় দুর্গাপূজা চলছে। পুলিশ, আনসার ও গ্রাম পুলিশ বাহিনী যথাযথভাবে দায়িত্ব পালন করে যাচ্ছে। কোনো সমস্যা হবেনা মর্মে আশা করা যায়। তবে পূর্ব মায়ানী এলাকায় একটু নজর রাখতে হবে। বর্তমানে রোহিঙ্গাদের নিয়ে সংকট চলছে। মায়ানী ইউনিয়নে বৌদ্ধ ধর্মালম্বীদের সংখ্যা বেশী। এলাকায় কিছু উস্কানীমূলক বক্তব্য শোনা যাচ্ছে। এ বিষয়ে সতর্ক থাকতে হবে।</p> <p>তাহাড়া ইউনিয়ন পরিষদের পশ্চিম পার্শ্বে ও আবুতোরাব বাজারের দক্ষিণ পার্শ্বে মাদকের সমস্যা রয়েছে। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য তিনি অনুরোধ জানান।</p> <p>চেয়ারম্যান, ০৮ নং দুর্গাপুর ইউপি সভায় বলেন যে, শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে আইন-শৃংখলা রক্ষা সংক্রান্ত বিষয়ে পূজা কমিটির লোকজনসহ ইউনিয়ন পরিষদে বিশেষ সভা আহবান করা হয়েছে। প্রতিটি মন্ডপে গ্রাম পুলিশ নিয়োগ দেয়া হয়েছে। আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।</p> <p>চেয়ারম্যান, ১০ নং মিঠানালা ইউপি সভায় বলেন যে, মিঠানালা ইউনিয়নে ০৫ টি পূজা মন্ডপে শারদীয় দুর্গাপূজা চলছে। প্রতিটি পূজা মন্ডপে স্বেচ্ছাসেবক দল গঠন করে দেয়া হয়েছে এবং গ্রাম পুলিশ নিয়োগ দেয়া হয়েছে। আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।</p> <p>চেয়ারম্যান, ০১ নং করেরহাট ইউপি সভায় বলেন যে, করেরহাট ইউনিয়নে আইন-শৃংখলা পরিস্থিতি ভাল। ০৩ টি পূজা মন্ডপে শারদীয় দুর্গাপূজা চলছে। প্রতিটি পূজা মন্ডপে স্বেচ্ছাসেবক ও গ্রাম পুলিশ নিয়োগ দেয়া হয়েছে। মাদকের বিরুদ্ধে পুলিশের অভিযান অব্যাহত রাখতে হবে।</p>		
--	--	--

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার বলেন, মীরসরাই উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো। এজন্য আইন-শৃংখলা বাহিনী এবং জনপ্রতিনিধিগণকে তিনি ধন্যবাদ জানান। আগামী ১-২২ অক্টোবর-২০১৭ পর্যন্ত সাগরে ইলিশ ধরা নিষিদ্ধ ঘোষণা করা হচ্ছে। এ সময়ে ইলিশ ধরা, মজুদ, বহন ও বিক্রি করা সম্পূর্ণভাবে বন্ধ থাকবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন।

তিনি আরও বলেন যে, মীরসরাইয়ের কোথাও রোহিঙ্গার সন্ধান পাওয়া গেলে সাথে সাথে উপজেলা প্রশাসনকে অবহিত করতে হবে এবং এ বিষয়ে নিজ নিজ এলাকার জনগণকে উদ্বুদ্ধ করার জন্য পৌর মেয়র ও ইউপি চেয়ারম্যানগণকে সভাপতি অনুরোধ জানান।

তিনি আরও বলেন যে, মীরসরাইয়ে গরু চুরির ঘটনাটি বেশি শোনা যায় যা খুব নেঙ্কারজনক। এ বিষয়ে নিজ নিজ এলাকার জনগণকে উদ্বুদ্ধ করার জন্য পৌর মেয়র ও ইউপি চেয়ারম্যানগণকে সভাপতি অনুরোধ জানান।


চলমান-৫



পাহাড়ী এবং বন এলাকায় জঙ্গী প্রশিক্ষণ যাতে না হয় সেজন্য বন বিভাগ ও পুলিশ বিভাগ সজাগ থাকার জন্য সভাপতি অনুরোধ জানান। তৎসহ তিনি বাণ্য বিবাহ, ইতিটিজিং, যৌতুক, নারী ও শিশু নির্যাতন এবং মানব পাচার প্রতিরোধে পুলিশ বিভাগ, জনপ্রতিনিধিগণ, সরকারী কর্মকর্তাগণ, বীর মুক্তিযোদ্ধাগণ, শিক্ষকগণ, রাজনৈতিক নেতৃবৃন্দ, ইমাম/পুরোহিত, ধর্মীয় নেতৃবৃন্দসহ আইনশৃংখলা কমিটির সদস্যগণসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি বলেন, মাদকের ব্যাপকতা রোধে সীমান্ত এলাকায় বিজিবি ও থানা পুলিশের বিশেষকরে রাত্রিকালীন সমন্বিত অভিযান বা তৎপরতা প্রয়োজন। কোনো দুর্বৃত্ত/আসামী ধরা পড়লে তাকে যেন পুলিশের হাতে সোপর্দ করা হয় এবং আইন নিজের হাতে তুলে না নেয় সে লক্ষ্যে নিজ নিজ এলাকার জনগণকে উদ্বুদ্ধ করার জন্য পৌর মেয়র ও ইউপি চেয়ারম্যানগণকে সভাপতি অনুরোধ জানান।

পরিশেষে, পাহাড় কর্তন যাতে না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য তিনি বন বিভাগ, পুলিশ বিভাগ, ভূমি অফিসসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ এবং সকল পৌরমেয়র ও ইউপি চেয়ারম্যানগণকে সভাপতি অনুরোধ জানান।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ সাহিদুল কবির)
উপজেলা নির্বাহী অফিসার
মীরসরাই, চট্টগ্রাম

ও
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
মোবাইল- ০১৭৩৩-৩৩৪৩৫১
ইমেইল- unoofficemirsarai@gmail.com

নং ০০.৫০৪.০০২.০৪.০৪.০৩৪.১৭-৮০০


তারিখঃ ২৮/০৯/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১ এবং মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম
- ০৪। পুলিশ সুপার, চট্টগ্রাম

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। প্যানেল চেয়ারম্যান-২, উপজেলা পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম
- ০২। মেয়র, বারইয়ারহাট পৌরসভা/মীরসরাই পৌরসভা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম
- ০৪। উপজেলা কর্মকর্তা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৫। অফিসার ইনচার্জ, মীরসরাই/জোরারগঞ্জ থানা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৬। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম
- ০৭। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মীরসরাই উপজেলা কমান্ড, চট্টগ্রাম
- ০৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, কলেজ/উঃবিঃ/মাদ্রাসা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৯। সভাপতি, মীরসরাই প্রেস ক্লাব, মীরসরাই, চট্টগ্রাম
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, ইমাম সমিতি, মীরসরাই, চট্টগ্রাম
- ১১। জনাব


উপজেলা নির্বাহী অফিসার
মীরসরাই, চট্টগ্রাম